

B. A. Semester VI ( General ) Examination , 2022 ( CBCS )

বাংলা (সাধারণ)

Course : SEC-4

সময় : ২ ঘণ্টা

পূর্ণ মান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে

১. যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:

৫ x ২ = ১০

ক) ব্যক্তিগত পত্র কাকে বলে? একটি উদাহরণ দাও।

খ) উদাহরণসহ সামাজিক পত্র কাকে বলে বুঝিয়ে দাও।

গ) সম্পাদকীয় প্রতিবেদন বলতে কী বোঝো?

ঘ) 'হলুদ সাংবাদিকতা' কাকে বলে?

ঙ) প্রতিবেদনের ভাষা কেমন হওয়া প্রয়োজন?

চ) অনুচ্ছেদ কাকে বলে?

ছ) আক্ষরিক অনুবাদ বলতে কী বোঝো?

জ) অনুবাদের দুটি সমস্যা উল্লেখ করো।

২. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:

২ x ৫ = ১০

ক) মহাবিদ্যালয়ে ভর্তির পর তোমার নির্বাচিত বিষয় পরিবর্তনের আবেদন জানিয়ে অধ্যক্ষ মহাশয়কে একটি পত্র লেখো।

খ) নিত্য প্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কথা জানিয়ে উপযুক্ত শিরোনাম সহ সংবাদপত্রে পরিবেশনের জন্য একটি প্রতিবেদন রচনা করো।

গ) তোমার এলাকায় অসামাজিক কার্যকলাপ খুব বেড়ে গেছে | এর প্রতিকারের আবেদন জানিয়ে থানার ভারপ্রাপ্ত আধিকারিককে একটি পত্র লেখো।

ঘ) অনুচ্ছেদ রচনা করো : জাতীয় সংহতি।

৩. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২ x ১০ = ২০

ক) তোমার এলাকায় অজানা জ্বরের প্রকোপ বৃদ্ধি পেয়েছে। অবিলম্বে এর প্রতিরোধের জন্য ব্যবস্থা নেওয়ার আবেদন জানিয়ে পঞ্চায়েত প্রধান / পুরপ্রধানকে একটি পত্র লেখো।

খ) উপযুক্ত শিরোনামসহ রক্তদানের গুরুত্ব সম্পর্কে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

গ) অনুচ্ছেদ রচনা করো : যুদ্ধ নয়, শান্তি চাই।

ঘ) বাংলায় অনুবাদ করো :

Man is a social animal. He cannot live alone and so no person can be happy without sincere friends. But selfish persons cannot get friends. You cannot receive love unless you give it. Love is to be obtained only by giving love in return. If your neighbours and companions do not love you it is your fault. They cannot but love you if you be kind and friendly.